



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)

www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/৪৬১

তারিখ : ১২/০৯/২০২১ খ্রিঃ।

**বিষয়: কারণ দর্শানো নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোসা: নাছরিন সুলতানা, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, থানা মাধ্যমিক শিক্ষা অফিস, লালবাগ, ঢাকা-এ কর্মরত। কোভিড-১৯ পরিস্থিতির কারণে দীর্ঘ ১৭ মাসেরও অধিক সময় ধরে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার পর আজ ১২/০৯/২০২১ খ্রি: তারিখ সারা দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির মধ্যে ডেস্কুরোগেরও প্রাদুর্ভাব রয়েছে। সার্বিক বিবেচনায় সরকার, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে সময়ে সময়ে স্বাস্থ্যবিধি সম্পর্কিত বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। এ সকল নির্দেশনা কঠোরভাবে প্রতিপালনের বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলকে বারবার সচেতন করা হয়।

আজ মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজ পরিদর্শনে এসে কলেজ ক্যাম্পাসে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যর্থতার নমুনা প্রত্যক্ষ করেন। উক্ত প্রতিষ্ঠানের পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে স্বাস্থ্য বিধি তদারকি আপনার দায়িত্বাধীন-যা আপনি সঠিকভাবে পালন করেননি। আপনার এধরনের আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২নং অনুচ্ছেদের (খ)(অ)(আ) উপানুচ্ছেদ অনুযায়ী “অসদাচরণ”-এর শামিল। সুতরাং কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব লিখিতভাবে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১২.০৯.২০২১  
(প্রফেসর ড. সামসুন নাহার)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা.)

☎ ৯৫৫৩৭১২

জনাব মোসা: নাছরিন সুলতানা  
থানা মাধ্যমিক শিক্ষা অফিসার  
লালবাগ, ঢাকা।

**অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)**

- ১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রশাসন/ইকুইটি/প্রোগ্রাম), এসপিএসইউ, সেসিপ, ঢাকা।
- ৪। প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ, ঢাকা।  
(সেসিপ-এর ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অফিস কপি।